

🗏 ইয়াসীন | Ya-Sin | ৯০০

আয়াতঃ ৩৬:৮৩

া আরবি মূল আয়াত:

فَسُبِحٰنَ الَّذِي بِيَدِم مَلَكُوتُ كُلِّ شَيءٍ وَّ اللهِ تُرجَعُونَ ﴿٨٣﴾

অতএব পবিত্র মহান তিনি, যার হাতে রয়েছে সকল কিছুর রাজত্ব এবং তাঁরই দিকে তোমরা প্রত্যাবর্তিত হবে। — আল-বায়ান

কাজেই পবিত্র ও মহান তিনি যাঁর হাতে সব কিছুর সর্বময় কর্তৃত্ব, আর তাঁর কাছেই তোমাদের (সকলকে) ফিরিয়ে আনা হবে। — তাইসিরুল

অতএব পবিত্র ও মহান তিনি যাঁর হাতে রয়েছে প্রত্যেক বিষয়ের সার্বভৌম ক্ষমতা এবং তাঁর নিকট তোমরা প্রত্যাবর্তিত হবে। — মুজিবুর রহমান

So exalted is He in whose hand is the realm of all things, and to Him you will be returned. — Sahih International

৮৩. অতএব পবিত্র ও মহান তিনি, যার হাতেই প্রত্যেক বিষয়ের সর্বময় কর্তৃত্ব; আর তাঁরই কাছে তোমরা প্রত্যাবর্তিত হবে।(১)

(১) অনুরূপবর্ণনা পবিত্র কুরআনের অন্যান্য সূরায় এসেছে, [যেমন: সূরা আল-মুমিনুন: ৮৮, সূরা আল-মুলক: ১] এখানে আল্লাহ্ তা'আলা তাঁর নিজ সন্তাকে পবিত্র ও ঐশ্বর্যমণ্ডিত এবং সমস্ত ক্ষমতা যে তাঁরই হাতে সে ঘোষণা দিয়ে বান্দাকে আখেরাতের ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করাচ্ছেন যে, তাঁর কাছেই সবাইকে ফিরে যেতে হবে তখন তিনি সবাইকে তার কাজ ও কথার সঠিক প্রতিফল প্রদান করবেন। আয়াতে ব্যবহৃত ملكوت এবং এএই অর্থবাধক। যার অর্থ ক্ষমতা, চাবিকাঠি ইত্যাদি। তবে ملكوت এর পরিধি ব্যাপক। [দেখুন: ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

- (৮৩) অতএব পবিত্র ও মহান তিনি, যিনি প্রত্যেক বিষয়ের সার্বভৌম ক্ষমতার অধিকারী[1] এবং তাঁরই নিকট তোমরা প্রত্যাবর্তিত হবে। [2]
 - [1] مَلَكُوت ७ مُلك উভয়েরই অর্থ এক; বাদশাহী বা রাজত্ব। যেমন مَلَكُوت ৩ مُلك ইত্যাদি। (ইবনে কাসীর) অনেকে مَلكُوت কে মুবালাগা (অতিশয়োক্তিবিশিষ্ট) শব্দ বলেছেন। (ফাতহুল কাদীর) অর্থাৎ ملكوت ملك এর মুবালাগা।



[2] অর্থাৎ, এমন হবে না যে, মাটির সাথে মিশে তোমাদের অস্তিত্ব একেবারে নিঃশেষ ও বিলীন হয়ে যাবে। কক্ষনো না; বরং পুনরায় তোমাদেরকে অস্তিত্ব দান করা হবে। আর এটাও সম্ভব হবে না যে, তোমরা পলায়ন করে অন্য কারোর নিকট আশ্রয় নেবে। সুতরাং তোমাদেরকে আল্লাহর নিকটেই উপস্থিত হতে হবে, অতঃপর তিনি তোমাদের কর্ম অনুযায়ী ভাল ও মন্দ প্রতিদান দেবেন।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3788

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন